

শিশুর জন্য ডিভাইস ব্যবহার



Digital
Literacy
Center



ফুপ্পি তুমি
কী করছো?

আমি একটা অ্যাসাইনমেন্ট
করছি বাবা

তুমি কী কম্পিউটারে
অ্যাসাইনমেন্ট করো?

হ্যাঁ বাবা!
বড় হলে তুমিও করবে।

কিন্তু আমি তো
কম্পিউটার চালাতেই
পারি না।

আহা বাবাটা এসো
তোমাকে শিখিয়ে দেই

ওকে।

প্রথমে কম্পিউটার অন করার জন্য
বৈদ্যুতিক সংযোগ দিতে হবে।

এটা হলো সিপিইউ। সংযোগ দেয়ার পরে
সিপিইউতে থাকা পাওয়ার বাটন অন করতে হবে।

তারপর মনিটরের পাওয়ার অন করলেই কম্পিউটারের স্ক্রিন
অন হয়ে কিছুক্ষণের মধ্যেই কম্পিউটারটি অন হয়ে যাবে।

আবার কম্পিউটারের স্টার্ট আইকনে ক্লিক করে তারপর পাওয়ার আইকনে ক্লিক করলে তিনটি অপশন আসবে শাট ডাউন, স্লিপ এবং রিস্টার্ট।

এখানের শাট ডাউন অপশনটি নির্বাচন করলে কিছুক্ষণের মধ্যেই কম্পিউটারটি বন্ধ হয়ে যাবে।

ফুপ্পি আমি তো
অন অফ শিখে
ফেলেছি।

গুড বয়,

কম্পিউটার রিস্টার্ট করার জন্য কম্পিউটার স্ক্রিনের বাম পাশে নিচের কোনায় স্টার্ট আইকনে ক্লিক করে পাওয়ার আইকনে ক্লিক করতে হবে।

পাওয়ার আইকনে ক্লিক করার পর স্লিপ, শাট ডাউন এবং রিস্টার্ট এই তিনটা অপশন আসবে। রিস্টার্ট অপশন নির্বাচন করলেই কম্পিউটার রিস্টার্ট হয়ে যাবে।

রিস্টার্ট কী
ফুপ্পি?

রিস্টার্ট হচ্ছে কম্পিউটার বন্ধ হয়ে আবার চালু হওয়া। এই বাটনে ক্লিক করলে কম্পিউটার স্বয়ংক্রিয়ভাবে অফ হয়ে আবার অন হয়ে যাবে।

তারপর কম্পিউটার ব্যবহারে খুব যত্নশীল হতে হবে।

ওকে। তারপর?

ব্যবহার করতে না জানলে সহজেই নষ্ট হয়ে যেতে পারে। সেজন্য যত্ন করে ব্যবহার করা জরুরি।

- খেয়াল করবে এর উপরে যেন পানি না পড়ে বা পানিতে না ভিজে।

- ধুলাবালি থেকে দূরে রাখবে

- নিয়মিত ফুল চার্জ দিবে মনে থাকবে?

থাকবে ফুপ্পি।
তারপর?

তারপর হলো খুবই সতর্ক থাকতে হবে। যেন
ভালো ভাবে চার্জ হয় এবং কোনো সমস্যা মনে
হলে বড়দের জানাতে হবে। ঠিক আছে?

ঠিক আছে। এখন আমি নিজে
নিজে একটু করে দেখি?

অবশ্যই। নাও তুমি কী শিখেছো
আমাকে করে দেখাও।

ধন্যবাদ
ফুপ্পি।